



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ
ওয়েব সাইট : www.mec.ac.bd



অনলাইন পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের গাইডলাইন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন সকল বর্ষের অনলাইন পরীক্ষায় নিম্নলিখিত গাইডলাইন অনুসরণ করতে হবে।

ক) পরীক্ষার শুরু হওয়ার ১০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীদের Google Class Room যুক্ত হতে হবে।

খ) পরীক্ষার্থীকে পরীক্ষায় A4 সাইজের সাদা কাগজে কালো কালির বলপেন দিয়ে লিখতে হবে। পেনসিল ব্যবহার করা যাবে না।

গ) প্রথম Page এ নির্দেশনা অনুযায়ী নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে।

১	পরীক্ষার নাম	২	পরীক্ষার সন
৩	কোর্স কোড	৪	কোর্সের নাম
৫	রেজিস্ট্রেশন নম্বর	৬	শিক্ষাবর্ষ
৭	পরীক্ষার্থীর রোল নম্বর	৮	তারিখ
৯	উত্তর পত্রের মোট পৃষ্ঠা সংখ্যা	১০	পরীক্ষার্থীর স্বাক্ষর

ঘ) পরীক্ষার্থীকে নিজ Device এ অবশ্যই প্রশ্নপত্র Download করে নিতে হবে।

ঙ) পরীক্ষার্থীকে উত্তরপত্রের প্রতি page এ page No. ও রোল নম্বর লিখতে হবে।

চ) পরীক্ষার্থীকে page No.এর ক্রম অনুসারে Scan করে একটি PDF File বানাতে হবে (Mobile Cam Scanner অথবা অন্য কোন স্ক্যানার সফটওয়্যার ব্যবহার করা যাবে)।

ছ) পরীক্ষার্থী Course Code ও Exam Roll অনুযায়ী PDF File এর Name লিখতে হবে (Course Code_ Exam Roll.pdf)।

জ) তারপর File টি upload করতে হবে। upload করতে সমস্যা হলে পরীক্ষা কমিটির দেওয়া নির্ধারিত ই-মেইল (E-mail) এ Attached file হিসাবে প্রেরণ করতে হবে এবং নিজের ডিভাইসেও এটি সংরক্ষণ করে রাখতে হবে।

ঝ) প্রত্যেক পরীক্ষার্থীর নির্দিষ্ট ফোন (Phone) ও ই-মেইল এড্রেস (Email Address) এবং পরীক্ষা দেয়ার স্থান জানাতে হবে। যার মাধ্যমে পরীক্ষার্থীর সাথে প্রয়োজনে যোগাযোগ করা হবে।

ঞ) পরীক্ষা কমিটির পক্ষ থেকে নির্দিষ্ট ফোন ও ই-মেইল এড্রেস (Email Address) সরবরাহ করা হবে।

ট) কোন কারণে পরীক্ষার্থী Google Class Room এর Connection থেকে বিচ্ছিন্ন হলে পরীক্ষার্থীর নিজের ফোন নম্বর ও ই-মেইল এড্রেস (Email Address) হতে পরীক্ষা কমিটির নির্ধারিত ফোন নম্বর ও ই-মেইল এড্রেস (Email Address) এ যোগাযোগ করে তা জানাতে হবে। অন্যথায় ঐ শিক্ষার্থীর উত্তরপত্র গ্রহণ করা হবে না।

ঠ) প্রত্যবেক্ষক প্রত্যেক পরীক্ষার্থীর উত্তরপত্র (Answer Script) এর Softcopy বুঝে না নেওয়া পর্যন্ত পরীক্ষার্থী Google Class Room থেকে বাহির হবে না এবং কোন কিছু Delete করতে পারবে না।

ড) পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীকে Zoom Cloud Meeting এর মাধ্যমে ভিডিও চালু রাখতে হবে। কোন কারণে কারও ভিডিও বন্ধ হয়ে গেলে তাৎক্ষণিক প্রত্যবেক্ষক কে জানাতে হবে এবং ৫.০০ মিনিট এর মধ্যে ভিডিও চালু করতে হবে। এ রকম ৩ বার এর বেশি হলে বা অসুদপায় অবলম্বন হিসেবে প্রতীয়মান হলে উত্তরপত্র গ্রহণ করা হবে না।

ঢ) পরীক্ষার সময় সকল Activity Record করা হবে। এইজন্য পরীক্ষার্থীর ক্যামেরা একটি নির্দিষ্ট জায়গায় on রাখতে হবে।

ণ) পরীক্ষার্থী প্রত্যবেক্ষকের তাৎক্ষণিক নির্দেশনাবলী (ক্যামেরা ঘুরিয়ে কক্ষ দেখানো, পরীক্ষার খাতা দেখানো ইত্যাদি) মানতে বাধ্য থাকবে।

ত) পরীক্ষার্থীদের অপশনাল ডাটা/ইন্টারনেট এর ব্যবস্থা রাখতে বলা হচ্ছে যাতে করে ইমার্জেন্সী হলে তা ব্যবহার করতে পারে। যেমনঃ ওয়াইফাই এর বিকল্প মোবাইল ডাটা।

থ) পরীক্ষার্থীকে noise free environment অবস্থায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষা চলাকালীন সময়ে Voice unmute ও video on করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

দ) পরীক্ষার্থীদের Google Class Room এবং Zoom Cloud Meeting এ আইডি হিসেবে শুধুমাত্র ডিপার্টমেন্ট নাম ও রোল দিতে হবে অর্থাৎ কারও ভুল হলে এই নিয়মে Rename করতে হবে। যেমনঃ CSE-111

ধ) পরীক্ষার সময় কোন অসুদপায় অবলম্বন করলে বা পরবর্তীতে ভিডিও রেকর্ডিং দেখে কোন অসুদপায় অবলম্বন প্রতীয়মান হলে Silence Expelled অথবা উত্তরপত্র বাতিল হবে।

(অধ্যাপক মোঃ আলমগীর হোসেন)

অধ্যক্ষ (অতি. দায়িত্ব)

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ।